

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৪.১৯-৩৬৮

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬
২২ জুলাই ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০২১/২০১৯ মামলায় ১৫.০৪.২০১৯ খ্রি. তারিখের রায়/আদেশ বাস্তবায়ন।

সূত্রঃ (১) ভাংনী আহমাদিয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর এর স্মারক নং- অধ্যক্ষ/ভা:/৭০/২০১৯/৪৮ তারিখঃ ০২.০৭.১৯ খ্রি।
(২) ভাংনী আহমাদিয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর এর স্মারক নং- অধ্যক্ষ/ভা:/৭০/২০১৯(৫) তারিখঃ ০৭.০২.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ভাংনী আহমাদিয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর এর সাময়িক বরখাস্তকৃত শিক্ষক জনাব আবুর ছালেহ মোহাম্মদ জাকারিয়া মহামান্য হাইকোর্টের আদেশ লংঘন এবং ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ০১.১১.১৭ খ্রি. তারিখের ২ ও ৩ নং অনুচ্ছেদের নির্দেশ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ১৭.৪ আদেশে লংঘন করে অবৈধ ও বেআইনী দুর্নীতি এবং পেশাগত অসদাচরণ করার বিষয়ে তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্য, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করা হয় (কপি সংযুক্ত)।

০২। উক্ত আবেদনপত্রের বিষয়ে কোন প্রতিকার না পাওয়ায় বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১০২১/১৯ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় গত ১৫.০৪.১৯ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:

Accordingly, we direct the respondent no. 4 to dispose of the representation of the petitioner dated 07.02.19 (Annexure-1 to the supplementary Affidavit) within 60 (sixty) days from the date of receipt of a copy of this order. With this direction the writ petition is summarily disposed of without any order as to costs. Let a copy of this order be immediately transmitted to this respondent no. 4 for information and necessary action.


০৩। বর্ণিত প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সচিব, TMED বরাবর আবেদন করা হয়।

০৪। যেহেতু রিট মামলার রায়/আদেশে পিটিশনারের ০৭.০২.১৯ খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তি করার জন্য রেসপনডেন্ট নং-৪ (উপাচার্য, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়) কে নির্দেশনা দেয়া হয়েছে সেহেতু ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১০২১/২০১৯ মামলার ১৫.০৪.১৯ খ্রি. তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ০৭.০২.১৯ খ্রি. তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ২৫.০৭.১৯ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) সূত্রমূলে বর্ণিত -০২ টি আবেদন।

(২) রিট নং-১০২১/১৯ এর আদেশের কপি- ০২ পাতা।


(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

রেজিস্ট্রার

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ী নং-১২৪/২২, ব্লক-এ, সড়ক নং-০৩,

পশ্চিম ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

২। জেলা প্রশাসক, রংপুর।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৬। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭। জনাব মো: মাকছুদুর রহমান জামেলী, অধ্যক্ষ, ভাংনী আহমাদিয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর।

৮। মাস্টার কপি/অফিস কপি।